

রাজশাহী বিশ্ববিদ্যালয়

১ম বর্ষ বি.এস-সি. (সম্মান)/বি.ফার্ম. (সম্মান)/বি.এস-সি.এ-জি./ডি.ভি.এম./বি.এস-সি. ইঞ্জিনিয়ারিং ভর্তি পরীক্ষা, শিক্ষাবর্ষ ২০২২-২০২৩

ইউনিট-C (Group 1, 2, 3, 4 & Non-Science)

ভর্তি প্রক্রিয়া সংক্রান্ত বিজ্ঞপ্তি

বিজ্ঞান, কৃষি, প্রকৌশল, জীববিজ্ঞান, ভূ-বিজ্ঞান, ফিশারীজ, ভেটেরিনারী এন্ড এনিমেল সায়েন্সেস অনুষদ এর ২০২২-২০২৩ শিক্ষাবর্ষের ১ম বর্ষ বি.এস-সি. (সম্মান)/বি.ফার্ম. (সম্মান)/বি.এস-সি.এ-জি./ডি.ভি.এম./বি.এস-সি. ইঞ্জিনিয়ারিং ভর্তি পরীক্ষার ফলাফল বিশ্ববিদ্যালয় ভর্তি ওয়েবসাইট admission.ru.ac.bd-তে ইতোমধ্যেই প্রকাশ করা হয়েছে।

উত্তীর্ণ ভর্তিচ্ছুদের আগামী ১৬.০৭.২০২৩ দুপুর ১২:০০টা থেকে ২২.০৭.২০২৩ রাত ১১:৫৯ এর মধ্যে অনলাইনে বিভাগ পছন্দক্রম পূরণ করতে হবে। কোন ভর্তিচ্ছু নির্ধারিত সময়ের মধ্যে পছন্দক্রম পূরণ করতে না পারলে সি-ইউনিটে তার প্রার্থিতা বাতিল বলে গণ্য হবে এবং সি-ইউনিটের কোন বিভাগে ভর্তির আর কোন সুযোগ থাকবে না।

পছন্দক্রম পূরণ করার সময় কোন ভর্তিচ্ছু কোন বিভাগে ভর্তি হতে আদৌ আগ্রহী না হলে সেটি পছন্দক্রম থেকে বাদ রাখতে পারবে। তবে পছন্দক্রম প্রদানের পর তদনুযায়ী কোন নির্দিষ্ট বিভাগে ভর্তির জন্য নির্বাচিত হলে সেই বিভাগে অবশ্যই ভর্তি হতে হবে, নতুবা সি-ইউনিটে তার প্রার্থিতা বাতিল বলে গণ্য হবে এবং পরবর্তীতে সি-ইউনিটের কোন বিভাগে ভর্তির আর কোন সুযোগ থাকবে না।

পরবর্তীতে আসন শূন্য হওয়া সাপেক্ষে শুধুমাত্র ভর্তি হওয়া ছাত্র-ছাত্রীদের বিভাগ-পছন্দের ক্রমানুসারে স্বয়ংক্রিয়ভাবে বিভাগ পরিবর্তন করা হবে এবং নোটিশের মাধ্যমে তা জানানো হবে। এজন্য প্রার্থীকে বিশ্ববিদ্যালয়ে আসতে হবে না।


পছন্দক্রম পূরণকারী ভর্তিচ্ছুদের মধ্যে মেধাক্রমানুসারে প্রথম নির্বাচন তালিকা ২৫.০৭.২০২৩ তারিখ অপরাহ্নে বিশ্ববিদ্যালয়ের ভর্তি ওয়েবসাইট admission.ru.ac.bd-এ প্রকাশিত হবে। প্রথম নির্বাচন তালিকায় নির্বাচিতদের ০১.০৮.২০২৩, ০২.০৮.২০২৩ অথবা ০৩.০৮.২০২৩ তারিখে ওয়েবসাইটে উল্লিখিত নির্ধারিত স্থানে সাক্ষাৎকার গ্রহণ করা হবে এবং সাক্ষাৎকার শেষে ঐ দিনই ভর্তি হতে হবে। এছাড়া শূন্য আসনের জন্য অপেক্ষমান তালিকা থেকে পরবর্তীতে মেধা ও পছন্দক্রম অনুসারে ভর্তির জন্য নির্বাচন করা হবে, যার সম্ভাব্য সময়সূচী যথাসময়ে প্রকাশিত হবে।

যে সকল উত্তীর্ণ ভর্তিচ্ছু পরীক্ষার সময় শারীরিক শিক্ষা ও ক্রীড়া বিজ্ঞান বিভাগে ভর্তি হতে আগ্রহ প্রকাশ করে বৃত্ত পূরণ করেছে, তারা ১৯.০৬.২০২৩ হতে ২২.০৬.২০২৩ রাত ১১:৫৯ এর মধ্যে বিশ্ববিদ্যালয়ের ভর্তি ওয়েবসাইট admission.ru.ac.bd-এ প্রদত্ত শারীরিক শিক্ষা ও ক্রীড়া বিজ্ঞান বিভাগে ব্যবহারিক পরীক্ষায় অংশগ্রহণের সম্মতি ফরম পূরণ করতে হবে। অন্যথায় তার ব্যবহারিক পরীক্ষায় অংশগ্রহণের বিষয়টি বাতিল বলে গণ্য হবে। ব্যবহারিক পরীক্ষা সংক্রান্ত নোটিশ আগামী ০৯.০৭.২০২৩ তারিখ অপরাহ্নে প্রকাশ করা হবে এবং ব্যবহারিক পরীক্ষা ১২.০৭.২০২৩ তারিখ এ অনুষ্ঠিত হবে। উক্ত ব্যবহারিক পরীক্ষায় অনুপস্থিত পরীক্ষার্থী উল্লিখিত বিভাগে ভর্তির কোন সুযোগ পাবে না, তবে অন্যান্য বিভাগগুলোতে ভর্তির সুযোগ বহাল থাকবে। বিকেএসপি থেকে উত্তীর্ণ পরীক্ষার্থীদের মূল সনদ ব্যবহারিক পরীক্ষার সময় সঙ্গে আনতে হবে এবং উক্ত সনদ ও প্রবেশপত্রের একটি করে ফটোকপি ইউনিট কার্যালয়ে (জীববিজ্ঞান অনুষদ দপ্তর, কক্ষ নম্বর- ৪১০, স্যার জগদীশ চন্দ্র বোস একাডেমিক (৩য় বিজ্ঞান) ভবন) জমা দিতে হবে।

মুক্তিযোদ্ধা ও ক্ষুদ্র নৃ-গোষ্ঠী কোটায় ভর্তি সংক্রান্ত সাক্ষাৎকার ছাত্র উপদেষ্টার দপ্তর এবং শারীরিক প্রতিবন্ধী কোটায় ভর্তি সংক্রান্ত সাক্ষাৎকার প্রধান চিকিৎসকের দপ্তরে অনুষ্ঠিত হবে। এ বিষয়ে উক্ত দপ্তর দুইটি থেকে যথাসময়ে বিজ্ঞপ্তি ওয়েবসাইটে প্রকাশ করা হবে। সি-ইউনিটে পোষ্য কোটায় ভর্তি প্রক্রিয়া সংক্রান্ত বিজ্ঞপ্তি ২৫.০৭.২০২৩ তারিখ অপরাহ্নে ওয়েবসাইটে প্রকাশ করা হবে।

ভর্তি সংক্রান্ত কোন সমস্যার জন্য অফিস চলাকালীন সময়ে (সকাল ৯ টা হতে বিকাল ৪টা) ইউনিট কার্যালয়ে (জীববিজ্ঞান অনুষদ দপ্তর) যোগাযোগ করা যেতে পারে (ফোন: +৮৮০১৭১৮৪০৭৮২২)। অনলাইনে পছন্দক্রম পূরণ সংক্রান্ত কারিগরি সমস্যার জন্য হেল্পলাইন +৮৮০১৭০৩৮৯৯৭৩।

প্রকাশিত ফলাফলে কোন ভুলত্রুটি গোচরীভূত হলে তা সংশোধন করার ক্ষমতা বিশ্ববিদ্যালয় (সি-ইউনিট) কর্তৃপক্ষ সংরক্ষণ করে।



(প্রফেসর ড. মোহাম্মদ শাহিদুল আলম)

ডীন

জীববিজ্ঞান অনুষদ, রা: বি:

ও

চীফ কো-অর্ডিনেটর

২০২২-২০২৩ শিক্ষাবর্ষ ১ম বর্ষ ন্নাতক/ন্নাতক (সম্মান)

C- ইউনিট ভর্তি পরীক্ষা কমিটি, রা: বি:।

০৫ জুন ২০২৩